সংবাদ

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

# সব ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানকে শিক্ষাবৃত্তি দিতে হবে : গভর্নর

অর্থনৈতিক বার্তা পরিবেশক

বাংলাদেশ ব্যাংকের গর্ভনর ফজলে কবির বলেছেন, দেশের সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির (সিএসআর) আওতায় শিক্ষাবৃত্তি দিতে হবে।

গতকাল রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় (আইসিসিবি) প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। গর্ভনর বলেন, প্রাইম ব্যাংকের বৃত্তির টাকায় পড়ে একজন বিসিএস ক্যাডার হয়েছেন, আরেকজন ডাক্তার হচ্ছেন। আপনাদের সহায়তা অনেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেছেন। ভালো অবস্থানে রয়েছেন। একটু সহযোগিতা পেলেই সব কিছু হয়ে যায়। মেধার দিক দিয়ে বাংলাদেশ বিশ্বের অনেক দেশের চেয়ে এগিয়ে। শুধু আর্থিক অস্বচ্ছলতার কারণে মেধার সঠিক বিকাশ হয় না।




তিনি বলেন, সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিতে ব্যয় করার জন্য কর মওকুফ করতে প্রয়োজনে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ও অর্থমন্ত্রীর কাছে সুপারিশ করা হবে। কারণ অনেকেই কর দেয়ার অজুহাতে সিএসআর খাতে ব্যয় করতে চান না।

গভর্নর বলেন, ২০০২ সালে আমি একটি জেলার প্রশাসক হিসেবে কর্মরত ছিলাম। ৪৭ লাখ মানুষের বসবাসের ওই জেলা থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছিল মাত্র ৪ ছাত্রী। একই বছরে ঢাকার ভিকারুননেছা স্কুল অ্যান্ড কলেজ থেকে পেয়েছিল ৪শ' শিক্ষার্থী। তখন শিক্ষার গুণগত মান সবজায়গায় সমান ছিল না। রাজধানীসহ বড় বড় শহরগুলোতে সীমাবদ্ধ ছিল। এখন অনেক পরিবর্তন হয়েছে।

তিনি বলেন, বাংলাদেশ বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল। আর উন্নয়নের সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশ উচ্চ মধ্যম আয়ের দেশ করতে পারি তার জন্য আজকের এ বৃত্তি অনেক উপকারে আসবে। কারণ দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলার জন্য মানসম্পন্ন ও দক্ষ শিক্ষা দরকার।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। প্রাইম ব্যাংকের চেয়ারম্যান আজম জে চৌধুরীর সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন, প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের চেয়ারম্যান নাদের খান, ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক আহমেদ কামাল খান চৌধুরী, প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ডা. ইকবাল আনোয়ার।

প্রাইম ব্যাংক লিমিটেড বাণিজ্যিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির আওতায় ২০০৭ সাল থেকে প্রতি বছর বাংলাদেশের বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ে অধ্যরত সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্রছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদান করছে। তারই ধারাবাহিকায় এ বছর ৩ হাজার ৪৪ শিক্ষার্থীকে প্রতিমাসে ২ হাজার ৪শ টাকার বৃত্তি প্রদান করা হবে পুরো শিক্ষাজীবনে।